

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 26-11-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Constitution Day-Governor:**

আজ সংবিধান দিবস। সংবিধান দিবস স্মরণে গতকাল নতুন দিল্লিতে "আমাদের সংবিধান, আমাদের সম্মান পদযাত্রা" কর্মসূচির আয়োজন করা হয়।

এ উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেছেন, সংবিধান শুধুমাত্র একটি আইনী দলিল নয়, এক ঐক্যবদ্ধ ও প্রগতিশীল সমাজের পথপ্রদর্শকও।

এদিকে, বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে সারা দেশের সাথে রাজ্যেও আজ সংবিধান দিবস পালিত হচ্ছে। এ উপলক্ষ্যে সকাল ৭টায় রাজধানীর উমাকান্তি একাডেমি প্রাঙ্গন থেকে একটি পদযাত্রা শুরু হয়। সকাল ১১ টায় রাজ্যের স্কুল, কলেজ, অফিস আদালতে সংবিধানের প্রস্তাবনা পাঠ করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। রাজ্যের আইন সচিব সঞ্জয় ভট্টাচার্য জানিয়েছেন, ভারতের সংবিধান গৃহিত হওয়ার ৭৫ তম বছর উদযাপনের অঙ্গ হিসেবে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারকে নির্দেশিকা দেওয়া হয়েছে। আগামী ৩০ নভেম্বরের মধ্যে রাজ্যের বিভিন্ন দপ্তর সংবিধান দিবস পালনে তাদের নিজস্ব কর্মসূচি প্রস্তুত করে রাজ্য আইন দপ্তরের কাছে পাঠাবে।

\*\*\*\*\*

**PM, Co-operative :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল জোর দিয়ে বলেছেন, ভারত তার ভবিষ্যত বৃদ্ধিতে সমবায়ের বিশাল ভূমিকা দেখতে পাচ্ছে। গতকাল নতুনদিল্লিতে ভারত মণ্ডপমে আন্তর্জাতিক সমবায় জোটের বৈশ্বিক সমবায় সম্মেলনের উদ্বোধন করে, তিনি একথা বলেন। তিনি বলেন, সমবায় ভারতের সংস্কৃতির ভিত্তি, শুধু একটি মডেল নয়। আন্তর্জাতিক সমবায় জোটের ১৩০ বছরের ইতিহাসে প্রথমবারের মতো, ভারতে এই সম্মেলন এবং সাধারণ পরিষদের আয়োজন করা হচ্ছে। অনুষ্ঠানে প্রায় তিন হাজার বিদেশী ও ভারতীয় প্রতিনিধি উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে।

\*\*\*\*\*

#### **Parliament :**

সংসদের শীতকালীন অধিবেশন গতকাল থেকে শুরু হয়েছে। এই অধিবেশন চলবে আগামী ২০শে ডিসেম্বর পর্যন্ত। ওয়াকফ সংশোধনী বিল সহ ১৬টি বিল সংসদে আলোচনার জন্য উপস্থাপিত হবার কথা রয়েছে। একটি নির্দিষ্ট ব্যবসায়িক গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ এবং অন্যান্য বিষয়ে হট্টগোলের মধ্যে সংসদের উভয় কক্ষই গতকাল দিনের জন্য মূলতবি করা হয়।

অধিবেশনের শুরুতে লোকসভার দুই সদস্য সদ্যপ্রয়াত বসন্তরাও চ্যবন এবং শেখ নুরুল ইসলামকে শ্রদ্ধা জানানো হয়।

অন্যদিকে, রাজ্যসভাতেও ছয়জন প্রয়াত প্রাক্তন সদস্যকে শ্রদ্ধা জানানো হয়। এদিকে আজ সংবিধান দিবস থাকায় সংসদের অধিবেশন বসছেনা ।

\*\*\*\*\*

#### **ICP-Sabroom & Agartala :**

আগরতলা স্থলবন্দরে ল্যান্ড পোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালু হচ্ছে আজ বিকেলে। এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান আদিত্য মিশ্র ।

এদিকে, আজ সকাল ১০টায় ভারতীয় স্থলবন্দর কর্তৃপক্ষের উদ্যোগে সাব্রুম স্থলবন্দরে "সেতু নির্মাণঃ সাব্রুম স্থল বন্দরের মাধ্যমে বাণিজ্য ও সংযোগ" শীর্ষক এক সম্মেলন অনুষ্ঠিত হবে। গৌহাটীর কাস্টমস অ্যান্ড ইনডাইরেক্ট ট্যাক্সের প্রধান কমিশনার শৈলেন্দ্র কুমার সিনহা এবং বর্ডার সিকিউরিটি ফোর্সের ইস্টার্ন কমান্ডের অতিরিক্ত ডিরেক্টর জেনারেল রবি গান্ধী সহ বিশিষ্ট ব্যক্তিগণ এই সম্মেলনে উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

#### **Gomoti Hydroelectric Power Project :**

গোমতি জলবিদ্যুৎ কেন্দ্রের পুনরুজ্জীবন এবং গোমতি নদীর উৎসমুখ তীর্থমুখে আসন্ন মকর সংক্রান্তি মেলা সংক্রান্ত বিষয়ে রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসুর সঙ্গে গতকাল এক বৈঠকে মিলিত হন করবুকের বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। বৈঠকে নিগম অধিকর্তা জানান, খুব শীঘ্রই এনএইচপিসি-র বিশেষজ্ঞদল এই জল বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করবেন এবং কিভাবে এর পুনরুজ্জীবনের মাধ্যমে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন করা যায় সে বিষয়ে মতামত প্রদান করবেন।

\*\*\*\*\*

#### **Press Club :**

পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে গতকাল ভোর রাতে একজন চিত্র সাংবাদিক আক্রান্ত হবার ঘটনার নিন্দা জানিয়েছে আগরতলা প্রেস ক্লাব। দুর্বৃত্তদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে প্রেস ক্লাব। ঘটনার নিন্দা জানিয়ে এই একই দাবি জানিয়েছে ত্রিপুরা

জার্নালিস্ট ইউনিয়ন, ত্ৰিপুৰা ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশন ও  
ত্ৰিপুৰা ওয়াকিং জার্নালিস্ট ইউনিয়ন।

\*\*\*\*\*

**Mushtaq Ali / Under-15 Cricket :**

মুস্তাক আলী ট্ৰফি টি-২০ ক্ৰিকেট প্ৰতিযোগিতাৰ গ্ৰুপেৰ দ্বিতীয়  
খেলায়ও ত্ৰিপুৰা পৰাজিত হয়েছে। ইন্দোৱে অনুষ্ঠিত খেলায়  
গতকাল কৰ্ণাটক ৫ উইকেটে ৰাজ্যদলকে হাৰিয়ে দেয়।

এদিকে, অনূৰ্ধ্ব ১৫ বছৰেৰ মেয়েদেৰ জাতীয় ক্ৰিকেটেৰ গ্ৰুপেৰ  
তৃতীয় খেলায়ও গতকাল ত্ৰিপুৰা পৰাজিত হয়েছে। দেৱাদুনে  
অনুষ্ঠিত সীমিত ওভাৰেৰ আসৰে চন্ডিগড় ২ উইকেটে ৰাজ্যদলকে  
হাৰিয়ে দেয়।

\*\*\*\*\*

**Weather :**

আজ দুপুৰ পৰ্যন্ত আবহাওয়াৰ পূৰ্বাভাসে জানানো হয়েছে আকাশ  
সাধাৰণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালেৰ দিকে হালকা কুয়াশা ছিল।  
আগৰতলায় আজ ভাৰে সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ১৬.২ ডিগ্ৰি  
সেলসিয়াস। দিনেৰ সৰ্বোচ্চ তাপমাত্ৰা থাকবে ২৮ ডিগ্ৰিৰ  
কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*